ইত্তেফাক

তারিখ ..১২/১০/৮১ ... ...
পৃষ্ঠা... ... ... কলাম ... ... ...

৭৭

## মেডিক্যাল কলেজে ছাত্র ভর্তির শর্ত সংশোধনের দাবী

( ইত্তেফাক রিপোর্ট )

মেডিক্যাল কলেজে ভর্তিচ্ছু মেয়েদের বেলায় এসএসসি ও এইচএসসি উভয় পরীক্ষায় ১২ শত নম্বর লাভের পূর্বশর্ত শিথিল করিয়া ৯ হাজার নম্বর করার জন্য একটি ছাত্রী প্রতিনিধিদল সম্প্রতি মহিলা বিষয়ক মন্ত্রণালয়ের নিকট আবেদন জানাইয়াছে। ছাত্রীদের জন্য সংরক্ষিত শতকরা ৩০ ভাগ কোটায় জেলাওয়ারী আবশ্যকীয় যোগ্যতার ছাত্রী না পাওয়া গেলে ছাত্রদের মধ্যে বণ্টনের বর্তমান ব্যবস্থায় উক্ত প্রতিনিধিদল ক্ষোভ ব্যক্ত করে। স্মারকলিপিতে তাহারা ছাত্রীদের মধ্যে অবশিষ্ট আসন বণ্টনের দাবী জানান।

## ছাত্রী নিবাসে ছাত্র

মাগুরা (যশোর), ১০ই অক্টোবর (নিজস্ব সংবাদদাতা)—মাগুরা কলেজের নবনির্মিত ছাত্রী-নিবাসে ছাত্ররা বসবাস করিতেছে। ফলে বহু ছাত্রীর লেখাপড়া বন্ধের উপক্রম হইয়াছে।

মহকুমার দূর-দূরাঞ্চলের বহু ছাত্রী উক্ত কলেজে ভর্তি হইয়া থাকে। কিন্তু দূরাঞ্চলের ছাত্রীদের থাকার ব্যবস্থার অভাবে ছাত্রী সংখ্যা ক্রমাগত হ্রাস পাইতে থাকায় একটি ছাত্রীনিবাস নির্মাণের উদ্যোগ গ্রহণ করা হয়। ১৯৭৭ ৭৮ সালের প্রদর্শনী হইতে অর্জিত অর্থের মধ্যে এক লক্ষ টাকা এবং সরকারী অনুদানের তিন লক্ষাধিক টাকা ব্যয়ে একটি ছাত্রীনিবাস নির্মাণ করা হয়। ছাত্রীনিবাসের চতুষ্পার্শ্বে পাকা দেওয়াল নির্মিত হয়। কিন্তু উক্ত ছাত্রীনিবাসের সিট ছাত্রদের মধ্যে বণ্টন করিয়া সেখানে ছাত্রদের থাকার ব্যবস্থা করা হইয়াছে। ফলে বহু ছাত্রীর লেখাপড়া বন্ধের উপক্রম হইয়াছে। উক্ত কলেজে নাকি মহিলা হোস্টেল পরিচালনা করার মত কোন অধ্যাপিকা বা প্রভাষক নাই।